**তাগিদপত্র**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd


বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৬৩.২০১৪- ৪৩৯

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০। ২০ আগস্ট ২০২৩।

**বিষয়: জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২৩-২৮৯, তারিখ: ১৪ মার্চ ২০২৩।
২। স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৯৮.২৯.০০৩.২০২৩-৬৫, তারিখ: ১৮ এপ্রিল ২০২৩।
৩। স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৬৩.২০১৪-১২৬, তারিখ: ১০ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয় সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ স্থানীয় সরকার বিভাগ সংক্রান্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

**(ক) সল্পমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক, পঞ্চগড় | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

**(গ) দীর্ঘমেয়াদি:**

| ক্রম | প্রস্তাবকারী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২ | জেলা প্রশাসক চাঁদপুর ও লালমনিরহাট | দেশের সকল উপজেলায় পর্যায়ক্রমে একটি করে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। |

০২। জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নরূপ প্রস্তাব প্রেরণ করার জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন তথ্য/প্রস্তাব পাওয়া যায়নি।

(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল বৃদ্ধির বিষয়ে সম্ভাব্য রাজস্ব আয়ের খাতসমূহ উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ;

(খ) দেশের সকল উপজেলায় পর্যায়ক্রমে একটি করে শেখ রাসেল শিশু পার্ক নির্মাণে প্রতিটি পার্কের জন্য (উপজেলা ভিত্তিক) কী পরিমাণ জমি প্রয়োজন, কীভাবে জমি নির্বাচন করা যায় (পার্ক ইতোমধ্যে তৈরী হয়ে/চলমান থাকলে তথ্য প্রেরণ) এবং সম্ভাব্য কত টাকা ব্যয় হতে পারে তা উল্লেখ্যপূর্বক মতামতসহ পত্র প্রেরণ।

০৩। এমতাবস্থায়, জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩ এ উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বর্ণিত প্রস্তাব প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ।

২০.০৮.২৩


(ড. মাসুরা বেগম)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮২২৪৭


জেলা প্রশাসক (সকল)

---------------------------------------------- জেলা।

[সদয় দ্রষ্টব্য: খুলনা, ঝিনাইদহ, পঞ্চগড় এবং বগুড়া জেলা ব্যতিত]

**অনুলিপি:**

১। বিভাগীয় কমিশনার (সকল),---------------------------- বিভাগ।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), -----------------------------উপজেলা, ----------------- জেলা।
৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), -----------------------------উপজেলা, ----------------- জেলা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।